সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
এস্টেট শাখা
সেতু ভবন, বনানী, ঢাকা-১২১২
www.bba.gov.bd

**নম্বর:** ৫০.০১.০০০০.০০০.১০৫.৪৬.০০১০.০২.৬৮৭

তারিখ: ২১ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
০৪ মে ২০২৫ খ্রিস্টাব্দ

**উন্মুক্ত নিলাম বিজ্ঞপ্তি**

**বিষয়: সেতু ভবনে গাছ নিলাম/অপসারণ সংক্রান্ত উন্মুক্ত নিলাম বিজ্ঞপ্তি।**

এতদ্বারা জানানো যাচ্ছে যে, স্মারক **নং-৫০.০১.০০০০.০০০.১০৩.০৬.০০০১.১৯.২৩৫১, তারিখ-২২.০৪.২০২৫** ইং সূত্র মোতাবেক গঠিত নিলাম কমিটি কর্তৃক আগামী **০৭.০৫.২০২৫** ইং তারিখ রোজ বুধবার বেলা: **১০:৩০** ঘটিকায় নিম্নে উল্লিখিত কাঠ/ জ্বালানি কাঠের প্রকাশ্য নিলাম বিক্রয় বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের প্রধান কার্যালয়, সেতু ভবন, বনানী, ঢাকা অফিসে অনুষ্ঠিত হবে:

| লট নং | কাঠ/জ্বালানি কাঠের বিবরণ | মোট কাঠের পরিমাণ (কম/বেশী) | বিক্রয়তব্য কাঠের বর্তমান অবস্থান (লোকেশন) |
|---|---|---|---|
| ০১ | বিবিধ | ৫.৬২ ঘনফুট | বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের প্রধান কার্যালয়, সেতু ভবন, বনানী, ঢাকা অফিস এলাকায় অবস্থিত দণ্ডায়মান/পড়ে থাকা ১৩ টি বিবিধ প্রজাতির গাছ। |
| | জ্বালানি কাঠ | ৩৮ মন | |

শর্তাবলি:

(ক) প্রকাশ্য নিলাম ডাকে অংশগ্রহণে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে উপরে উল্লিখিত তারিখ, সময় ও স্থানে উপস্থিত থেকে নিলামে অংশগ্রহণ করতে হবে;

(খ) কাঠ/জ্বালানি কাঠ যেখানে যে অবস্থায় আছে, সে অবস্থায় নিলাম বিক্রয় করা হবে এবং নির্বাচিত ব্যক্তি/প্রতিষ্ঠানকে সেখান থেকেই সরবরাহ নিতে হবে;

(গ) নিলাম ডাকে অংশগ্রহণে আগ্রহী প্রত্যেক ব্যক্তি/প্রতিষ্ঠানকে ডাকে অংশগ্রহণের পূর্বে উপরে উল্লিখিত স্থানে নিজ উদ্যোগে সরেজমিন কাঠ/জ্বালানি কাঠ দেখে নিতে হবে। সরেজমিন না দেখে ডাকে অংশগ্রহণ করলে পরবর্তীতে কোনো আপত্তি গ্রহণযোগ্য হবে না;

(ঘ) আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে জামানত বাবদ নগদ ১০০০.০০ (এক হাজার) টাকা জমা দিয়ে নিলাম ডাকে অংশগ্রহণ করতে হবে। নিলাম কমিটির সুপারিশের আলোকে সর্বোচ্চ ডাককারীর টাকা বাসেকের অনুকূলে জমা রেখে ডাকে অংশগ্রহণকারী অন্যদের টাকা ফেরত দেয়া হবে;

(ঙ) সর্বোচ্চ ডাককারীকে উদ্ধৃত মূল্যের উপর ভ্যাট বাবদ ১৫% এবং আয়কর বাবদ ৫% টাকা অতিরিক্ত পরিশোধ করতে হবে। এ হার সময় সময় পরিবর্তিত হতে পারে। সর্বোচ্চ ডাককারীকে ভ্যাট ও আয়কর বাবদ অর্থ নিলাম মূল্যের সাথে পরিশোধ করতে হবে;

(চ) সর্বোচ্চ ডাককারীকে উদ্ধৃত মূল্যের ৫০% টাকা তাৎক্ষণিকভাবে পরিশোধ করতে হবে। অবশিষ্ট ৫০% টাকা এবং ভ্যাট ও আয়কর বাবদ অর্থ নিলাম অনুষ্ঠানের ৭ (সাত) দিনের মধ্যে এককালীন জমা দিতে হবে;

(ছ) বিক্রীত গাছ/কাঠ/বনজদ্রব্য জেলা/আন্তঃজেলায় পরিবহণের জন্য বন বিভাগ এর নিকট হতে স্থানান্তর পাস (টি.পি) সংগ্রহ করতে হবে। স্থানান্তর পাস ছাড়া কোন প্রকার বনজদ্রব্য পরিবহন/স্থানান্তর করা যাবে না;

(জ) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের পর অনুমোদন পত্রের শর্ত অনুযায়ী সর্বোচ্চ ডাককারী কাঠের সরবরাহ নিবেন। শর্ত মোতাবেক কাঠের সরবরাহ না নিলে বা প্রাপ্য সমুদয় টাকা যথাযথভাবে পরিশোধ করা না হলে উদ্ধৃত দরের ৫০% বাবদ জমাকৃত অর্থ সেতু কর্তৃপক্ষের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। এ ব্যাপারে সর্বোচ্চ ডাককারীর কোন ওজর-আপত্তি গ্রহণযোগ্য হবে না;

(ঝ) সকল ক্ষেত্রে বাসেক/নিলাম কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে। বাসেক/নিলাম কমিটি সর্বোচ্চ দরদাতার দর গ্রহণে বাধ্য নহে এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে সকল বা যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

০৪-০৫-২০২৫
এ এফ এম তাজুল ইসলাম
ডেপুটি ডাইরেক্টর (এস্টেট) (অতিরিক্ত দায়িত্ব)
৫৫০৪০৩২৬ (ফোন)
৫৫০৪০৪৪৪ (ফ্যাক্স)
dd-estate@bba.gov.bd

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। নোটিশ বোর্ড, সেতু বিভাগ, বনানী, ঢাকা।
২। নোটিশ বোর্ড, বাসেক, সেতু ভবন, বনানী, ঢাকা।
৩। নোটিশ বোর্ড, ঢাকা সামাজিক বন বিভাগ, বন ভবন, মহাখালী, ঢাকা।
৪। ঢাকা জেলার, বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানসমূহ।
৫। বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের, ওয়েবসাইট।

**বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক, পরিচালক (প্রশাসন) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ।
২। অতিরিক্ত পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), অতিরিক্ত পরিচালক (প্রশাসন) এর দপ্তর, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ।
৩। সুপারিনটেনডেন্ট ইঞ্জিনিয়ার (মনিটরিং), সুপারিনটেনডেন্ট ইঞ্জিনিয়ার (মনিটরিং) এর দপ্তর , বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ।
৪। প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ (নিলাম বিজ্ঞপ্তিটি বাসেকের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫। ডেপুটি ডাইরেক্টর (এস্টেট) (অতিরিক্ত দায়িত্ব), এস্টেট শাখা, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ।
৬। বন বিভাগের প্রতিনিধি, ও সদস্য নিলাম কমিটি, সামাজিক বন বিভাগ, ঢাকা।